



ওযুর পদ্ধতি

অন্তরে ওযুর নিয়ত করবে, অতঃপর "বিসমিল্লাহ" বলে দুই হাত কজ্জি পর্যন্ত ধৌত করবে।



1

ডান হাতে পানি নিয়ে কুলি করবে। অর্থাৎ মুখে পানি নিয়ে নাড়াচাড়া করে ফেলে দিবে। অতঃপর নাকে পানি দিয়ে নাক ঝাড়বে, এমতাবস্থায় বাম হাতের তর্জনী ও বৃদ্ধাঙ্গুলি নাকের উপরে রাখবে।





2

অতঃপর মুখমন্ডল ধৌত করবে। এর পরিসীমা হচ্ছে লম্বায় মাথার চুলের উৎপত্তিস্থল হতে থুতনি ও দাড়ির শেষ পর্যন্ত, আর চওড়ায় এক কান থেকে অন্য কানের মধ্যবর্তী স্থান।




3

এরপর আঙুলের পার্শ্ব দিয়ে দুই হাত কনুই সহ ধৌত করবে। প্রথমে ডান হাত তারপর বাম হাত।




4

অতঃপর সমস্ত মাথা মাসাহ করবে, প্রথমে দুই হাত মাথার সম্মুখভাগ হতে কাঁধ পর্যন্ত নিয়ে যাবে তারপর উভয় হাতকে সম্মুখভাগে ফিরিয়ে নিয়ে আসবে।




5

অতঃপর দুই হাতের তর্জনী কে দুই কানের ছিদ্রে প্রবেশ করাবে এবং বৃদ্ধাঙ্গুলি দ্বারা উপরিভাগ মাসাহ করবে।



6

অতঃপর দুই পা গোড়ালির উপরস্থিত পায়ের গিঁট সহ ধৌত করবে।



7

- শরীয়ত নির্ধারিত সীমা বা পরিমানের চেয়ে বেশি ধৌত করার হুকুম ?
ওযুর ক্ষেত্রে শরীয়ত নির্ধারিত সীমা বা পরিমানের চেয়ে বেশি ধৌত করা জায়েয নেই। যেমন তিন বারের অধিক ধৌত করা, অথবা হাতের কনুই এর থেকে উপরে ধৌত করা, অথবা দুই পায়ের গোড়ালির উপরস্থিত পায়ের গিঁট থেকে উপরে ধৌত করা, অথবা ঘাড় মাসাহ করা।



8

- ওযু শেষ করে বলবে :

" আশ্হাদু আল্লা-ইলা-হা ইল্লাল্লা-হু অহ্দাহু লা-শারিকা লাহু, অআশ্হাদু আল্লা মুহাম্মাদান আবদুহু ওয়া রাসুলুহু ", সুনানে তিরমিযিতে উল্লেখ আছে " আল্লা-হুম্মাজ্-আল্নী মিনাত্ তাওয়া-বীনা ওয়াজ্-আল্নী মিনাল্ মুতাহ্‌হিরীন "।

9

- ওযু ভঙ্গের কারণ সমূহ :

- 1- পেশাব – পায়খানার রাস্তা দিয়ে কিছু বের হওয়া, তেমন: পেশাব, পায়খানা, বায়ু ইত্যাদি।
- 2- ঘুম অথবা অজ্ঞানতার কারনে বোধশক্তি চলে যাওয়া।
- 3- উটের গোস্ত খাওয়া।


10

তায়াম্মুমের পদ্ধতি


তায়াম্মুম হচ্ছে পানি দ্বারা পবিত্রতা অর্জনের বিকল্প পদ্ধতি। পানি না পাওয়া গেলে অথবা পানি ব্যবহারে ক্ষতির আশঙ্কা থাকার কারনে পানি ব্যবহারে অপারগ হলে, পানির পরিবর্তে মাটি দ্বারা পবিত্রতা অর্জন করাকে তায়াম্মুম বলে।

1


অন্তরে তায়াম্মুমের নিয়ত করবে, তারপর "বিসমিল্লাহ" বলবে, অতঃপর উভয় হাত একবার মাটিতে মারবে এবং হাতের তালু দিয়ে মুখমণ্ডল ও উভয় হাতের বাহিরের অংশ কজ্জি পর্যন্ত মাসাহ করবে।




1



2





3



4

2

দুই হাত মাটিতে মারা অবস্থায় আঙুল সমূহ ফাঁকা রাখা শরীয়ত সম্মত নয়, তেমনভাবে দুই হাতের কজ্জিতে মাসাহের সময় আঙুল সমূহ খিলাল্ করাও শরীয়ত সম্মত নয়।



3

ওয়াজিব গোসলের পদ্ধতি


অন্তরে গোসলের নিয়ত করবে এবং নিঃশব্দে "বিসমিল্লাহ" বলবে। অতঃপর সমস্ত শরীর পানি দ্বারা ধৌত করবে, এমনকি হালকা ও ঘন সমস্ত চুলের নীচেও পানি প্রবেশ করাবে, এবং কুলি করবে ও নাকে পানি দিবে।

1

- গোসল ওয়াজিব হওয়ার কারণ সমূহ :

- 1- সহবাস বা অন্য কোন কারণে বীর্যপাত হওয়া, অথবা পুরুষ ও স্ত্রীর যৌনাঙ্গ মিলিত হওয়া।
- 2- হায়েয ও নেফাসের রক্ত বের হওয়া।
- 3- মৃত্যু বরণ করা (শহীদ ব্যতীত)।
- 4- কাফের ব্যক্তির ইসলাম গ্রহণ করা।

2



প্রণয়ন: ড. হাইছাম সারহান, শিক্ষক: মসজিদে নববী, তত্ত্বাবধায়ক : মা'হাদুস সুনাহ : mahadsunnah.com

মুদ্রণ ও বিতরণ অনুমোদিত। - অনুবাদের জন্য ভিজিট করুন: sarhaan.com অথবা বারকোড স্ক্যান করুন।